



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/উমা/২০২৩/১০৭৫

তারিখ : ০২/০৮/২০২৩ খ্রি:

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৩ এর বিশেষ অনুমতিতে ফরম পূরণ প্রসঙ্গে।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সনে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক যেসকল ছাত্র-ছাত্রী নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ (অনিয়মিতদের জন্য উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য), যুক্তিসংগত কারণে বোর্ডের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফরম পূরণ করতে পারে নাই তাদেরকে আগামী ০৬/০৮/২০২৩ থেকে ০৮/০৮/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের বরাবর আবেদন করতে হবে।

অধ্যক্ষগণ নিজে অথবা প্রতিনিধির (শিক্ষক) মাধ্যমে আগামী ০৯/০৮/২০২৩ থেকে ১০/০৮/২০২৩ তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত কাগজপত্রসমূহ বিশেষ অনুমতিতে ফরম পূরণের অনুমতির জন্য এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে দাখিল করতে হবে।

- ১) অধ্যক্ষের আবেদন
- ২) অধ্যক্ষের নিকট পরীক্ষার্থীর আবেদনের ফটোকপি।
- ৩) খাতওয়ারি ফি এর হিসাব বিবরণী (ফরম পূরণের সম্ভাব্য তালিকায় উল্লিখিত টাকা + বিলম্ব ফি ১০০/- + বিশেষ অনুমতি ফি (i. প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ৩০০/-, ii. অন্যান্য পরীক্ষার্থী প্রতি ২০০/-))
- ৪) ফি এর পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর অনুকূলে)
- ৫) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি
- ৬) অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড এবং পুরাতন প্রবেশপত্রের ফটোকপি

বি: দ্র:

- পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সে কেন্দ্রে ফরম পূরণের আবেদনকৃত পরীক্ষার্থীর সকল বিষয়ের প্রশ্নপত্র আছে এ মর্মে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দিতে হবে।
- ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ যথারীতি পূর্বের ন্যায় প্রতিষ্ঠানের EIN নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে হালনাগাতকৃত রেজিস্ট্রেশন ও বিশেষ অনুমতিতে ফরম পূরণকৃত প্রবেশপত্র প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

০২/০৮/২৩

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২


অধ্যক্ষ

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ :

০১. সচিব ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০২. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০৪. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই বিল্ডিং শাখা, কুমিল্লা
০৫. কুমিল্লা শিক্ষাবোর্ডের হিসাব (জমা) শাখা
০৬. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট
০৭. সংশ্লিষ্ট নথি।

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



বরাবর

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

বিষয় : এইচএসসি পরীক্ষা - ২০২৩ এর বিশেষ বিবেচনায় ফরম পূরণের জন্য আবেদন

মহোদয়

যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমার প্রতিষ্ঠানের নিম্নোক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীরা যুক্তিসঙ্গত কারণে বোর্ড নির্ধারিত সময়ে ফরম পূরণ করতে পারেনি। তাদের তথ্য নিম্নে ছকে দেয়া হলো :

ক্র. নং	শিক্ষার্থীর নাম (ইংরেজি বড় অক্ষরে)	রেজিস্ট্রেশন নং	শিক্ষাবর্ষ নিয়মিত/অনিয়মিত	আংশিক বিষয় হলে অবশ্যই বিষয় কোড উল্লেখ করতে হবে
১.				
২.				
৩.				
৪.				

অতএব, মানবিক দিক বিবেচনা করে উল্লিখিত রেজিস্ট্রেশনধারীদের ফরম পূরণের সুযোগ দানে বাধিত করবেন।

সংযুক্তি :

- শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি জন
- হিসাব শাখার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা রশিদের ফটোকপি
(ফরম পূরণের সম্ভাব্য তালিকায় উল্লেখিত টাকা + বিলম্ব ফি ১০০/- + বিশেষ অনুমতি ফি)
বিশেষ অনুমতি ফি : i) প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ৩০০/-, ii) অন্যান্য পরীক্ষার্থী প্রতি ২০০/-
- বোর্ড প্রদত্ত ফরম পূরণের সম্ভাব্য তালিকার (সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নাম, বিষয় কোড ও টাকার পরিমাণ) সংশ্লিষ্ট পাতার ফটোকপি

(প্রতিষ্ঠান প্রধানের নাম ও স্বাক্ষর)

প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠানের (EIN) নম্বর :

কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড :

উপজেলা :

জেলা :

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর :

বিঃ দ্র: চেয়ারম্যান মহোদয়ের অনুমতির পর এই আবেদনটি ফটোকপি করে পে-অর্ডারসহ ০১ (এক) কপি বোর্ডের হিসাব শাখায় এবং সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০১ (এক) কপি উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।